

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৬

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২, পাত্র - স্বর্ণ ও রৌপ্যের পাত্রে খাওয়া বা পান করা হারাম

আরবী

عَنْ حُذَيْفَةَ بْنِ الْيَمَانِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، قَالَ: قَالَ النَّبِيُّ _ صلى الله عليه وسلم: «لَا تَشْرَبُوا فِي آنِيَةِ الذَّهَبِ والْفِضَّةِ، وَلَا تَأْكُلُوا فِي صِحَافِهَا، فَإِنَّهَا لَهُمْ فِي الدُّنْيَا، وَلَكُمْ فِي الْآخِرَةِ» مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (5426)، ومسلم (2067) عن عبد الرحمن بن أبي ليلى، قال: إنهم كانوا عند حذيفة، فاستسقى، فسقاه مجوسي، فلما وضع القدح في يده، رماه به، وقال: لولا أني نهيته غير مرة ولا مرتين! _كأنه يقول: لم أفعل هذا لكني سمعت النبي صلى الله عليه وسلم، يقول: «لا تلبس الحرير ولا الديباج، ولا تشربوا» .. الحديث. واللفظ للبخاري، وعنده «ولنا في الآخرة». وهذه الجملة ليست عند مسلم

বাংলা

১৬। হুযাইফাহ বিন ইয়ামান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা সোনা ও রূপার পাত্রে পান করো না এবং এগুলোর বাসনে আহার করো না। কেননা দুনিয়াতে এগুলো কাফিরদের জন্য আর আখিরাতে তোমাদের জন্য[1]।

English

Narrated Hudhaifa bin Al-Yaman:

Narrated Hudhaifa bin Al-Yaman (rad): Allah's Messenger (ﷺ) said: "Do not drink in silver or gold utensils, and do not eat in plates of such metals, for



such things are for them (the disbelievers) in this worldly life and for you in the Hereafter." [Agreed upon]

ফুটনোট

[1] বুখারী (৫৪২৬); মুসলিম (২০৬৭); আব্দুর রহমান বিন আবু ইয়া'লা হতে বর্ণিত, তিনি বলেন, তারা হুযাইফাহ (রাঃ) এর নিকট ছিলেন। তিনি পানি পান করতে চাইলেন। ফলে তাকে এক অগ্নিপূজারী পান করালেন। যখন পানপাত্রটিকে হাত থেকে রাখলেন তখন তাকে ছুড়ে মারলেন এবং বললেন, এ ব্যাপারে আমাকে অনেকবার নিষেধ করা হয়েছে। তিনি যেন বলছেন, আমি একাজ করতাম না। কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ রেশম বস্ত্র পরিধান করবে না এবং…। হাদীসের শব্দ ইমাম বুখারী (রহঃ) এর। তার বর্ণনায় பি في الآخرة আর আমাদের জন্য আখিরাতে শব্দ টি রয়েছে। এই বাক্যটি মুসলিমের বর্ণনায় নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন